**বাংলাদেশ ব্যাংক**
**(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)**
**প্রধান কার্যালয়**
**মতিঝিল, ঢাকা-১০০০**
**বাংলাদেশ।**

**ডেট ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট**

ডিএমডি সার্কুলার লেটার নং-০৪

তারিখঃ ২০ বৈশাখ, ১৪২৭ বাং
০৩ মে, ২০২০ ইং

প্রধান নির্বাহী কর্মকর্তা/ব্যবস্থাপনা পরিচালক,
সকল তফসিলি ব্যাংক (ইসলামী শরীয়াহ্‌ ভিত্তিক পরিচালিত ব্যাংক ব্যতীত)

**<u>ব্যাংকিং ব্যবস্থার আওতায় এনআরবি বন্ডসমূহের যাবতীয় লেনদেন কার্যক্রম চালুকরণ প্রসঙ্গে।</u>**

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংক কর্তৃক ২২/০৪/২০২০ তারিখে জারিকৃত ডিএমডি সার্কুলার লেটার নং-০২ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে। উক্ত নির্দেশনা অনুযায়ী এনআরবি বন্ডসমূহ (ওয়েজ আর্নার ডেভেলপমেন্ট বন্ড, ইউএস ডলার ইনভেস্টমেন্ট বন্ড এবং ইউএস ডলার প্রিমিয়াম বন্ড) এর নগদায়ন এবং কুপন প্রদান সংক্রান্ত সেবা চালু রয়েছে।

এ মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে, বিদেশ হতে প্রেরিত রেমিটেন্সের বিপরীতে প্রবাসীদের বিনিয়োগ এবং সার্বিক সহযোগিতা প্রদানের লক্ষ্যে এনআরবি বন্ড সমূহের যাবতীয় লেনদেন কার্যক্রম (বিক্রয়/পুনঃবিনিয়োগ, নগদায়ন, কুপন প্রদানসহ অন্যান্য কার্যাদি) চালু থাকবে। এ লক্ষ্যে সংশ্লিষ্ট বন্ড রুলসের ধারাসমূহ যথাযথভাবে পরিপালন করার জন্যও পরামর্শ প্রদান করা হলো।

এমতাবস্থায়, এনআরবি বন্ডসমূহ (ওয়েজ আর্নার ডেভেলপমেন্ট বন্ড, ইউএস ডলার ইনভেস্টমেন্ট বন্ড এবং ইউএস ডলার প্রিমিয়াম বন্ড) এর যাবতীয় লেনদেন কার্যক্রম ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন এর ১৬/০৪/২০২০ তারিখের ডিওএস সার্কুলার লেটার-১৩ এর ১নং অনুচ্ছেদে বর্ণিত ব্যাংকিং সময়ের মধ্যে সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনাদেরকে নির্দেশনা প্রদান করা হলো।

এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ খুরশীদ আলম)
মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৩০১৩১
ই-মেইলঃ khurshid.alam@bb.org.bd